

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
সিপি-৪ অধিশাখা

নথি নম্বর: ০৫.০০.০০০০.১৯৬.৯৯.০১২.১৬-৩৬৯

তারিখ:

৩০ আশ্বিন ১৪২৫


১৫ অক্টোবর ২০১৮

United Nations Public Service Awards (UNPSA)-এর জন্য আবেদন দাখিলের বিজ্ঞপ্তি

United Nations Department of Economic and Social Affairs (UNDESA), United Nations Entity for Gender Equality and the Empowerment of Women (UN-WOMEN)-এর সহযোগিতায়, ২০১৯ সালের United Nations Public Service Awards (UNPSA) প্রদানের লক্ষ্যে মনোনয়ন আহ্বান করা হয়েছে। এ সংক্রান্ত তথ্য <https://publicadministration.un.org/en/unpsa> ওয়েবসাইটে পাওয়া যাবে। এই পুরস্কার শুধুমাত্র সরকারি সংস্থাকে প্রদান করা হবে, কোনো ব্যক্তিকে নয়। এই পুরস্কার প্রদানের ক্ষেত্রে কোনো উদ্যোগের সাথে SDGs-এর সামঞ্জস্যতা, গুরুত্ব, উদ্ভাবনী হওয়া, অন্য কোথাও বাস্তবায়নের উপযোগিতা এবং টেকসই হওয়া ইত্যাদি বিষয় বিবেচনা করা হবে। উল্লেখ্য, যে সকল উদ্যোগ ন্যূনতম ০২(দুই) বছর ধরে বাস্তবায়িত হচ্ছে সেই সকল উদ্যোগের ক্ষেত্রেই এই পুরস্কারের জন্য আবেদন করা যাবে। ২০১৯ সালে নিম্নবর্ণিত ৫টি ক্যাটাগরিতে পুরস্কারের জন্য মনোনয়ন আহ্বান করা হয়েছে:

- Delivering inclusive and equitable services to leave no one behind
- Ensuring integrated approaches in the public sector organizations
- Developing effective and accountable public institutions
- Promoting digital transformation in the public sector organizations
- Promoting gender responsive public services to achieve the SDGs

০২। বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ ও সরকারি সংস্থাসমূহকে উপরিউক্ত ওয়েবসাইটে প্রদত্ত 'The Applicant's Manual' এবং 'Submission Rules for Nomination' অনুসরণপূর্বক ইংরেজীতে আবেদন প্রস্তুত করে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিপি-৪ অধিশাখায় (ভবন নম্বর-৭, রুম নম্বর-৪, নিচ তলা) হার্ডকপি ও সফটকপি আগামী ১০ নভেম্বর ২০১৮ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। প্রতিটি আবেদনের সাথে উদ্যোগটির মূল্যায়ন প্রতিবেদন আবশ্যিকভাবে এবং বাস্তবায়ন পরিকল্পনা, সেবাগ্রহীতা/নাগরিকদের ওপর পরিচালিত জরিপের ফলাফল, উদ্যোগ সংক্রান্ত বই, ভিডিও লিংক, পত্রিকার প্রতিবেদন ইত্যাদি হতে দুটি, অর্থাৎ সর্বোচ্চ তিন ধরনের দলিলাদি দাখিল করতে হবে। প্রাপ্ত আবেদনসমূহ জনপ্রশাসন মন্ত্রণালয় যাচাই-বাছাই করে মনোনয়ন প্রদানসহ ৩০ নভেম্বর ২০১৮ তারিখের মধ্যে অনলাইনে দাখিলের ব্যবস্থা করবে।



(খালিদ মেহেদী হাসান, পিএএ)

উপসচিব (সিপি-৪)

জনপ্রশাসন মন্ত্রণালয়

ই-মেইল: cp2@mopa.gov.bd

ফোন: ০২-৯৫১৩৫৪৪